ভ্যালীবাসীকে একতাবদ্ধ করার প্রচেষ্টা: টক অফ দ্যা টাউন

একুশ রিপোর্ট

জনাব মাসুদ রবের ভ্যালীবাসীকে একতাবদ্ধ করা এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশে পারস্পরিক সৌহার্দ্য ও সহনশীলতা ফিরিয়ে আনার প্রচেষ্টা টক অব দি টাউনে পরিণত হয়েছে। সকলের মনেই প্রশ্ন হঠাৎ করে তিনি এমন একটি মহৎ উদ্যোগ কেন নিলেন ? এই প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি স্থানীয় ওয়াই এম সিতে আয়োজিত দ্বিতীয় টাউন হল মিটিংয়ে বলেন, আমরা দলাদলি করতে গিয়ে নতুন প্রজন্মকে আমাদের সংস্কৃতি থেকে দূরে রাখছি। মূলধারায় যোগাযোগ এবং অবদান রাখার চেষ্টা করছি না। বাবাদের ঝগড়ায় শিশুরা তাদের বন্ধু-বান্ধবদের থেকেও দূরে সরে যাচ্ছে। নতুন প্রজন্মকে আমাদের কালচার সম্পর্কে ধারণা এবং তাদের জন্য এমন কি নিজেদের এবং কমিউনিটির জন্য কিছু করতে হলে আমাদের কাছাকাছি আসতে হবে। পরস্পরকে জানতে হবে এবং সমঝোতার মাধ্যমে পুরোনো বন্ধুত্ব ফিরিয়ে আনতে হবে। তিনি সকল ভ্যালীবাসীকে তার এই মহৎ প্রচেষ্টা সফল করতে সহযোগিতার আহ্বান জানান।

গত ১০ জুলাই বৃহস্পতিবার অনুষ্ঠিত দ্বিতীয় টাউন হল মিটিংয়ে উপস্থিত ছিলেন গ্রেটার ভ্যালীর সভাপতি শফিকুর রহমান, জালালাবাদ সভাপতি হাবিব আহমেদ টিয়া, ভ্যালী কমিটির উপদেষ্টা বুলবুল, আব্দুল মালেক, খায়রুল ইসলাম নুরু, মানিক, সাইফুল ইসলাম চপল, ডঃ জয়নাল আবেদিন, কাজী নবী, মেজর (অবঃ) হামিদ, নিয়াজ সহ ভ্যালীর সচেতন নেতা কর্মীবৃন্দ। হাবিব আহমেদ টিয়া তার বক্তব্যে প্রতিনিধি পাঠিয়ে বিভিন্ন সংগঠনের সাথে আলোচনার মাধ্যমে সংগঠনগুলোকে কাছাকাছি নিয়ে আসার আহ্বান জানান। ডঃ জয়নাল আবেদিন বলেন, আমি ঘরে বসে পিছিয়ে পড়তে চাই না। এই প্রক্রিয়ায় অংশগ্রহণ সব সময় Win Win রেজাল্ট দেবে আমাদের। আমরা সকলেই কিছু উপকার পাবো এখান থেকে তাই আমিও অংশীদার হতে চাই এই প্রক্রিয়ায়। আব্দুল মালেক বলেন, এই একতাবদ্ধ প্রচেষ্টা সফল হলে আমরা আমাদের কমিউনিটির বিভিন্ন চাহিদা মিটিয়ে এমনকি নতুন প্রজন্মকেও মূলধারায় পথ দেখিয়ে দিতে সক্ষম হবো।

জনাব অপু প্রবাসীদের একটি ইয়ালো পেইজ করে সকলের মাঝে যোগাযোগ প্রতিষ্ঠার সুযোগ করে দেওয়ার প্রয়োজনীয়তা তুলে ধরেন। জনাব বুলবুল বলেন, তিনি দীর্ঘদিন ধরে ভ্যালীতে বসবাস করছেন। ভ্যালীবাসীকে একত্রিত করে একতাবদ্ধ করাটা খুবই দুরুহ কাজ বলে মনে করেন। এভাবে আলোচনায় সবাই ভ্যালীবাসীকে একতাবদ্ধ কিংবা বন্ধুত্বপূর্ণ পরিবেশে নিয়ে আসতে সঠিক নেতৃত্ব, লক্ষ্য এবং পজিটিভ মনোভাব নিয়ে কাজ করার উপর গুরুত্ব দেন। সভায় আরও বক্তব্য রাখেন সর্বজনাব মফিজ, হানিফ, মানিক, সালাম, টিপু, চপল, নিয়াজ, শামসুসহ অনেকেই।



কমিউনিটির নিরাপত্তায় অংশগ্রহণ করুন:

মাসুদ রব চৌধুরী আয়োজিত ভ্যালীবাসী একত্রীকরণ দ্বিতীয় টাউন হল মিটিং ১০ জুলাই, ০৮ এর অন্যতম আকর্ষণ ছিলেন মিডভ্যালী পুলিশ কাউন্সিল প্রধান জনাব পল এন্ডারসন। তিনি এলএপিডির রিটায়ার্ড সার্জন (১৯৭০ -২০০৪)। তিনি সকলকে নিজ নিজ এলাকার পুলিশ বাহিনীর সহযোগী সংগঠনকে সহযোগিতা করার এবং মেম্বার হওয়ার আহ্বান জানান। ১০০ ডলার দিয়েও অনেকে সদস্য হতে পারেন এবং কমিউনিটির নিরাপত্তায় অংশগ্রহণ করতে পারেন। মিডভ্যালী কমিউনিটি পুলিশ কাউন্সিল একটি নন প্রফিট অর্গানাইজেশন। যারা LAPD এর জন্য অর্থ সহযোগিতা, সরঞ্জাম, এবং অস্ত্র ক্রয় সংক্রান্ত সহযোগিতা করে যাবে। প্রতি মাসের প্রথম মংগলবার ভ্যালী প্রেসবাইটেরিয়ান হাসপাতালে তাদের মাসিক চেকআপ হয়। বাংলাদেশীরাও এই সকল কর্মকান্ডে নিজেদের জড়িত করে নিজের এবং জাতির ভাবমূর্তি মূলধারায় তুলে ধরতে পারেন অতি সহজেই।

লস এঞ্জেলেসে "মুক্তি চেতনা" নামে একটি নতুন সংগঠন

৬ জুলাই, ২০০৮, রবিবার লস এঞ্জেলেসে বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীদের দ্বারা আয়োজিত এক সভায় "মুক্তি চেতনা" নামে একটি নতুন সংগঠনের ঘোষণা দেওয়া হয়। মোহাম্মদ হাসান মাসুদ, গোলাম রাব্বানী চৌধুরী এবং সৈয়দ হোসেন বাবুকে যথাক্রমে সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদে মনোনীত করে ৩৫ সদস্য বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। এই সভায় মুক্তিযোদ্ধা ও সহযোগী মুক্তিযোদ্ধাদের মধ্যে শামসুদ্দিন মানিক, গোলাম রাব্বানী চৌধুরী, গোলাম সাজ্জাদ, জাহেদুল ইসলাম মাহমুদ জামী, সৈয়দ হোসেন বাবু, মোহাম্মদ মালিক, সৈয়দ ফেরদৌস মুন্না, ইসতিয়াক চিশতী, শামসুল ইসলাম, মোহাম্মদ হান্নান, মোহাম্মদ হাসান মাসুদ এবং ডঃ তৌফিক চৌধুরী উপস্থিত ছিলেন। বাংলাদেশে যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে সেক্টর কমান্ডারস্ ফোরামের প্রতি সর্বাত্মক সমর্থন জ্ঞাপনসহ লস এঞ্জেলেসে নবপ্রজন্মদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় বিভিন্ন কাজ কর্মে সংশ্লিষ্ট করার সিদ্ধান্ত নেওয়া হয়। অত্র সভায় বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের প্রাক্তন সেনাপতি ফিল্ড মার্শাল ম্যানেকশয়ার-এর বিশেষ অবদানের কথা স্মরণ করে তাঁর মৃত্যুতে একটি শোকবার্তা পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলাদেশের সেক্টর কমান্ডারস্ ফোরামের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে ডঃ তৌফিক চৌধুরীকে মনোনীত করা হয়।

এই গ্রীষ্মে লস এঞ্জেলেসের ভ্যালীতে সম্মিলিত পিকনিকের উদ্যোগে সাড়া দিচ্ছেন সচেতন প্রবাসীরা:

ফ্রেন্ডশীপ পিকনিক ১০ জুলাই

ভ্যালীতে সম্মিলিত পিকনিক ও সামাজিক কার্যক্রমে সকলকে একসাথে সংযুক্তির নিমিত্তে ভ্যান নাইস ওয়াই এম সি এ সেন্টারে গত ১০ জুন এক নাগরিক সভার আয়োজন করা হয়। উদ্যোক্তাদের মধ্যে অন্যতম মাসুদ রব চৌধুরীর সঞ্চালনায় মতবিনিময় সভায় সকলে ঐক্যবদ্ধভাবে স্থানীয় ও প্রেসিডেন্টশিয়াল নির্বাচনে বাংলাদেশীদের প্রতি মূলধারার আগ্রহ সৃষ্টি এবং নতুন প্রজন্মদের দেশীয় সংস্কৃতিতে অংশগ্রহনের উপর মতৈক্য প্রতিষ্ঠিত হয়। আগামী ১০ জুলাই বালবোয়া পার্কে ভ্যালীর সম্মিলিত ফ্রেন্ডশীপ পিকনিক অনুষ্ঠিত হবে।

হাবিব আবার আসছে লস এঞ্জেলেসে

শেষ পাতার পর:

লস এঞ্জেলেসে একক অনুষ্ঠানে আবারো আসছে। এবার শুধু হাবিব - হাবিব - হাবিব - সাথে থাকছে পিতা ফেরদৌস ওয়াহিদ। আগামী অক্টোবরে লস এঞ্জেলেসে রংধনু এন্টারটেইনমেন্ট মিউজিকের ব্যানারে অনুষ্ঠিত হবে এই স্মরণীয় কনসার্ট। তৈরী থাকুন। যোগাযোগ - মোঃ তারেক, ফোন ৩২৩ ৩৮২ ৪১২৯

ভ্যালীতে নতুন স্টোর বাংলা মিনি মার্কেট

দেশে বৈধ উপায়ে ডলার পাঠাতে চান?

আমরা বিশ্বস্ততার সাথে দ্রুততম উপায়ে প্রিয়জনের কাছে টাকা পৌছে দিই।

লিন্ডলী এবং স্যাটিকয়ের কর্ণারে এই নতুন বাংলা মিনি মার্কেটে রয়েছে রকমারী বাংলা-ইন্ডিয়ান গ্রোসারী, ফ্রেস ফিশ, ভিডিও-ডিভিডি-সিডি, ফোন কার্ডসহ অনেক নিত্য প্রয়োজনীয় সামগ্রীর বিপুল সমাহার। আজই আসুন।

বাংলা মিনি মার্কেট
18125 Saticoy St. # B, Reseda, CA 91335
Phone : 818 -758 -0032 & 818 -687 -2852।

প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকে

বাংলাদেশ জাতীয়তাবাদী দল, ক্যালিফোর্ণিয়া শাখার দোওয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী এবং দেশনেত্রী খালেদা জিয়া এবং তারেক রহমানের আশু কারামুক্তি এবং রোগ মুক্তির জন্য ক্যালিফোর্ণিয়া বিএনপি স্থানীয় নর্থ হলিউড মসজিদে ১১ জুলাই বাদ জু'মা এক দোওয়ার আয়োজন করেন। পবিত্র কোরআন থেকে সূরা পাঠ এবং দোওয়া পরিচালনা করেন জনাব আবুল বাশার। দোওয়া মাহফিলে উপস্থিত ছিলেন সিনিয়র সহ সভাপতি আব্দুল বাছিত, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নিয়াজ মুহাইমেন, বিএনপি নেতা ফারুক, মোর্শেদুল ইসলাম, হাওলাদার, সাইফুল ইসলাম, চপল, লিটু, আমজাদ হোসেন সহ স্থানীয় দেশী বিদেশী মুসল্লীবৃন্দ।

আমরা ক্যালিফোর্ণিয়া বিএনপি নেতা কর্মীরা গত পরশু ঢাকার ছাত্র মিছিলে পুলিশী বর্বরতারও নিন্দা জানাই। মাত্র দু'মিনিটের ব্যবধানে মুক্তিপ্রাপ্ত যুবদল সাধারণ সম্পাদককে (আলাল) পুনরায় গ্রেফতার প্রমাণ করে এই সরকার মিথ্যেবাদী, মিথ্যা অভিযোগে বিএনপি নেতৃবৃন্দকে গ্রেফতার এবং নির্যাতন করা হচ্ছে। বাংলাদেশী বিচার ব্যবস্থা স্বাধীন নয় এবং সরকারও নিরপেক্ষ নয়। সরকারী লোকজন বাকশালী ষড়যন্ত্রে আওয়ামী লীগের সভানেত্রী এবং সাধারণ সম্পাদককে প্রমোদ ভ্রমণের মুক্তি দিয়েছে। কিন্তু স্বাধীনতার ঘোষকের দু'পুত্র চিকিৎসার অভাবে কারাগারে মৃতপ্রায়। আমাদের আর কোন দাবি নয় এই সরকারের কাছে। জনগণের কাছে অনুরোধ, আসুন এই অনৈতিক সরকারকে অনতিবিলম্বে আন্দোলনের মাধ্যমে হটিয়ে দ্রব্যমূল্য এবং জীবন ব্যবস্থা সহনীয় অবস্থানে নিয়ে আসি। এদের মুখোশ খুলে গেছে। দুর্নীতির রেট আজ বেড়ে দশ গুণ হয়েছে। জনগণ না খেয়ে মারা যাচ্ছে। এদের এইদিকে কোন ভ্রুক্ষেপ নাই। মহাজোট নির্বাচনে আসে নাই বলে ফেরেশতারা ক্ষমতায় এসেছেন। চার দল নির্বাচনে যাচ্ছে না বলে এদের কোন মাথা ব্যথা নাই। এই সরকার দেশ ও জনগণের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের কলকাঠি নাড়ছে। (নজরুল ইসলাম চৌধুরী, সভাপতি। নিয়াজ মুহাইমেন, সাধারণ সম্পাদক(ভারপ্রাপ্ত) প্রেস বিজ্ঞপ্তি)

খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি চাই

বিলম্বে হলেও আরাফাত রহমান কোকোকে চিকিৎসার জন্য আমাদের দাবীতে মুক্তি দেওয়ায় আমরা সন্তোষ প্রকাশ করছি। আমরা প্রবাসী বাংলাদেশী ভাইবোনদের কাছে তার আশু রোগ-মুক্তি এবং সুস্বাস্থ্য কামনায় দোয়া চাইছি। আমরা আশা করছি সরকার মানবিক কারণে শীঘ্রই তারেক রহমানকে মুক্তি দিয়ে সুচিকিৎসা গ্রহণে সহযোগিতা করবে। বাংলাদেশের এই দুঃসময়ে সরকার অবশ্যই দেশনেত্রী খালেদা জিয়াকে নিঃশর্ত মুক্তি দিয়ে বিচক্ষণতার পরিচয় দিবে। যখন তাদের নতজানু পররাষ্ট্র নীতির কারণে দুজন বিডিআর জওয়ানকে শহীদ হতে হয়েছে, বার্মা যখন বাংলাদেশের সমুদ্র সীমানায় ভাগ বসিয়েছে, যখন দেশের জনগণের জীবনযাত্রা নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে, সরকারের পরিকল্পনার ব্যর্থতায় দ্রব্যমূল্য কয়েক গুণ বেড়ে গেছে। জনগণকে আজ কয়েক গুণ বেশী ঘুষ দিয়ে কাজ করিয়ে নিতে হচ্ছে। যদিও এই সরকার দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে ক্ষমতায় এসেছে। উদ্ধারকৃত টাকায় হাসপাতাল নির্মাণ করার ঘোষণা দিলেও তার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। বরং টিআইবি রিপোর্টে দুর্নীতির বৃদ্ধি প্রমাণ পাচ্ছে। পূর্বে যখন র‍্যাব কোন সন্ত্রাসীকে হত্যা করেছে কেউ তার লাশ পর্যন্ত নিতে আসেনি। কিন্তু পরিকল্পিতভাবে ছাত্রদল নেতা সেন্টুকে রাজনৈতিক কারণে হত্যা করেছে এ সরকার। হাজার হাজার লোকের জানাজা তার জনপ্রিয়তা প্রমাণ করে এবং সরকারের মিথ্যা অভিপ্রায় উন্মোচিত হয়। আমরা তাদেরকে হুশিয়ার করে দিতে চাই। এটাই যেন হয় আপনাদের প্রথম এবং শেষ রাজনৈতিক হত্যা। আর একটি গুলি চললে কিংবা উন্নত চিকিৎসার বিলম্বের কারণে তারেক রহমানের শারিরীক কোন সমস্যা হলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল জনগণকে সাথে নিয়ে দুর্বার প্রতিরোধ গড়ে তুলবে।

নজরুল ইসলাম চৌধুরী কাঞ্চন, সভাপতি, নিয়াজ মুহাইমেন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

বিবৃতিতে আরও স্বাক্ষর করেন ঃ
এম এ বাসিত, এস খান মামুন, আবুল ইব্রাহিম, ইমদাদুল হক বব, মুর্শেদুল ইসলাম, শামসুজ্জোহা বাবলু, আব্দুল হাকিম, শেখ তৌহিদ হিন্দোল, ইলিয়াস শিকদার, বদরুল আলম শিপলু, জেবুল আহমেদ, মাহতাব আহমেদ, সাইদ আবেদ নিপু, খন্দকার তসলিম, মোঃ তারেক, আশিকুর রহমান, শাহীন রহমান, ফারুক হাওলাদার, সাইদ হাওলাদার, মাহবুবুল আমিন, নায়েক আহমেদ, মন্টু চৌধুরী, আওলাদ হোসেন, আব্দুল আউয়াল অপু, শেখ হাবীব, ইলিয়াস, রিয়াজ আহমেদ, অপু সাজ্জাদ, বজলুর রহমান, সাইফুল ইসলাম, সাইফুল ইসলাম চপল, নাজিম মাহমুদ, আমজাদ হোসেন, জাকির আহমেদ, জলিল, অপু ইসলাম, এম শাহাবুদ্দীন, সালাউদ্দীন সালাম, আশরাফ আহমেদ এবং রাহাত হোসেন সাইফুল সহ অনেকে।

জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনকের বর্তমান কমিটি বিলুপ্তি

একুশ রিপোর্ট ঃ

গত সপ্তাহে জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনক্-এর পুরোনো কমিটি বিলুপ্ত করা হয়েছে। ৪ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি পরবর্তী কমিটি গঠন করবেন। আহ্বায়ক কমিটিতে আছেন সালেক সোবহান, সৈয়দ নজরুল ইসলাম, খায়রুল ইসলাম, মামুনুর রহমান চৌধুরী।

গত সংখ্যার একুশ পত্রিকার ১১ পাতায় প্রকাশিত 'নাম রেজিস্ট্রেশন নিয়ে বিভ্রান্তির জালে জালালাবাদ সংগঠন' খবরে আরেকটি জালালাবাদ সংগঠনের নাম জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনকের হাতে চলে এসেছে বলে যে সংবাদ প্রকাশিত হয়, তার পরিপ্রেক্ষিতে আহ্বায়ক কমিটি এক ব্যাখ্যা দেন। ব্যাখ্যায় বলা হয় অন্য সংগঠনের নাম ব্যক্তিগতভাবে কমিটির অনুমোদন ছাড়া আহমেদ কবির স্ব-ইচ্ছায় নিজের নামে রেজিস্ট্রেশন করেন। এর মাঝে সংগঠনের কোন অনুমোদন ছিল না। সুতরাং নাম বিভ্রান্তির অবসানে তারা এই যোগাযোগ ও লিখিত বিবৃতি পাঠিয়েছেন এবং অচিরেই নতুন কমিটি গঠন করা হবে বলে জানান।

অন্য সূত্রে জালালাবাদ সাংস্কৃতিক সংগঠন আলী আশরাফ রুনুর উদ্যোগে গঠিত হবার কথা পত্রিকান্তরে জানা গেছে যার সাথে জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনকের কোন সম্পর্ক নাই।

জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনক্-এর লিখিত বিবৃতি

গত তারিখে একুশ পত্রিকায় প্রকাশিত সংবাদ 'ক্যালিফোর্ণিয়া জালালাবাদ এসোসিয়েশন নাম ও সংগঠনটি জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনকের হাতে চলে এসেছে' সংবাদের প্রতিবাদ জানিয়েছেন জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়ার বর্তমান আহ্বায়ক কমিটি এবং সাবেক কার্যকরি পরিষদ ও সদস্যবৃন্দ। ক্যালিফোর্ণিয়া জালালাবাদ এসোসিয়েশনের নামটি ব্যক্তিগতভাবে জনাব কবির আহমদ তাহার নামে নিবন্ধন করিয়াছেন বলিয়া সভায় দাবী করেন, এতে জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ইনক কোনভাবে জড়িত নয়।

বুড়িগঙ্গা আমার প্রাণ, একে আমরা বাঁচাবই

প্রথম পাতার পর:

তিনি আরো বলেন, "বুড়িগঙ্গাকে মেরে ফেলার উদ্যোগ নেওয়া হয়েছে। কিন্তু ঢাকার প্রাণকে আমাদের বাঁচাতেই হবে।"

নাগরিক কমিটির আহ্বায়ক সাগর লোহানী বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ। তাই শিশুকিশোর সমাবেশের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হলো।"

সাগর লোহানী জানান, দুই বছরব্যাপী এ উৎসবে শিশু-কিশোররা বিভিন্নভাবে সম্পৃক্ত থাকবে। রাজধানীর প্রতিটি ওয়ার্ডে তাদের নিয়ে অনুষ্ঠান হবে। এছাড়া পুরান ঢাকার বিভিন্ন জায়গার সঙ্গে তাদের পরিচয় করিয়ে দেওয়া হবে।

পুরনো দিনের ঢাকা শহরের স্মৃতি রোমন্থন করতে গিয়ে রাবেয়া খাতুন বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "আগে অনেক ভাল ছিল; বাড়ি ঘর ছিল ফাঁকা ফাঁকা, আলো-বাতাস ঢুকতো। এখন সব ঘিঞ্জি।"

রোকনপুরের এই বাসিন্দা ১৯১৫ সালে ঢাকার ফরিদাবাদে জন্মগ্রহণ করেন।

অন্যান্যের মধ্যে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষাবিদ জিল্লুর রহমান সিদ্দিকী, শিলী মুর্তজা বশীর, প্রবীণ সাংবাদিক কামাল লোহানী, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের পর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

বুধবার সন্ধ্যায় ঢাক বাদ্য বাজিয়ে, ফানুস উড়িয়ে উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব শুরু হবে। এতে ঢাকার প্রবীণ নাগরিকদের সম্মাননা দেওয়া হবে এবং ঐতিহ্যবাহী কাওয়ালি, কাসিদা ও চুটকিসহ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

দুই বছরব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে ঢাকার ৪০০ বছরের বিভিন্ন বিষয়ের ওপর সেমিনার; পুরনো গাড়ির শোভাযাত্রা ; চিত্রকর্ম, আলোকচিত্র, পোশাক, খাবার, যাত্রা, চলচিত্র ও নাটকের প্রদর্শনী; বই মেলা, সঙ্গীতানুষ্ঠান ইত্যাদি।

সাউদার্ণ ক্যালিফোর্নিয়ায় ভূমিকম্প

একুশ রিপোর্ট: মঙ্গলবার দক্ষিণ ক্যালিফোর্নিয়ায় একটি ঘন বসতিপূর্ণ এলাকা ভূমিকম্পে কেঁপে ওঠে। বিগত এক দশকেরও বেশি সময়ের মধ্যে প্রবলতম এই কম্পনে ভেঙ্গে পড়ে ঘরবাড়ির জানালার কাঁচ। কেঁপে ওঠে ঘরবাড়ি। মানুষজন ভীতসন্ত্রস্ত হয়ে নেমে আসে রাস্তায়। তবে গতকাল বুধবার পর্যন্ত মারাত্মক আহত বা বড় রকমের ক্ষয়ক্ষতির খবর জানা যায় নাই। ভূ-কম্পনের মাত্রা ছিল পাঁচ দশমিক চার। মধ্যম মাত্রায় এই কম্পন ২৩০ মাইল দূরবর্তী লাস ভেগাস এবং লস এঞ্জেলেস ও স্যানডিয়াগো থেকে অনুভূত হয়। ভূকম্প পরবর্তী প্রায় ত্রিশটি কম্পন অনুভূত হয়।

একুশের ভিডিও সাইট www.21tube.com

পবিত্র আল কোরআন শিক্ষা

ইংরেজীতে ফ্রী আল কোরআন শিক্ষা দেওয়া হয়। যোগাযোগ ঃ আল কোরআন স্টাডি, ১৫২৪০ স্যাটিকয় স্ট্রীট, ভ্যান নাইস, ক্যালিফোর্ণিয়া - ৯১৪০৫

Al-Quran Study
15240 Satikoy Street
Van Nuys, CA – 91405
Phone : 818 786 6145

প্রয়োজনীয় ফোন নাম্বার:

আপনার কোন চেক হারিয়ে বা চুরি হয়ে নিম্নোক্ত কোম্পানীগুলোতে যোগাযোগ করতে পারেন:

National Check Fraud Service:
(843) 571 2143
SCAN: (800) 262 7771
TeleCheck: (800) 710 9898
CheckRite: (800) 766 2748
CrossCheck: (707) 586 0551
Equifax Check Systems:
(800) 437 5120
International Check Services:
(800) 526 5380

একুশের ভিডিও সাইট www.21tube.com

শোক সংবাদ

ইউএসবিবিএফ (USBBF) এর মেম্বার ও আর্টিস্ট সুলতানুল ইসলামের পিতা মোঃ জলিল গত ৯ জুলাই, ০৮ স্থানীয় হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্নালিল্লাহে রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৭৬। মরহুম জলিল ইংল্যান্ড থেকে উচ্চ শিক্ষা লাব করেন এবং বাংলাদেশের টেক্সটাইল মিল ম্যানেজমেন্টের পাইওনিয়ার হিসাবে স্মরণীয় থাকবেন। তিনি মসলিন কটন মিলের জেনারেল ম্যানেজার হিসাবেও কর্মরত ছিলেন। জনাব জলিলের নামাজের জানাজা ১১ জুন ভারমন্ট মসজিদে অনুষ্ঠিত হয়। সুলতানুল ইসলাম পিতার মরদেহ নিয়ে দেশে রওয়ানা হয়ে গিয়েছেন।

আসন্ন দুর্গপূজা উপলক্ষে বেঙ্গলী হেরিটেজ অব ক্যালিফোর্ণিয়ার কাজের দায়িত্ব বন্টন

সংবাদদাতা, লস এঞ্জেলেস ঃ

বেঙ্গলী হেরিটেজ অব ক্যালিফোর্ণিয়ার আসন্ন দুর্গাপূজা উপলক্ষে কাজের দায়িত্ব বন্টন করা হয়েছে। আগামী ৪ ও ৫ অক্টোবর, ০৮ আর্টেশিয়ার এক্সেলশিয়র হাইস্কুলের অডিটোরিয়ামে সাড়ম্বরে পূজা অনুষ্ঠিত হবে। পূজা উপলক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা হলেন, ফ্লায়ার ও আমন্ত্রণে তুলসী সাহা, সংকলনে তপন দেবনাথ, পূজা মন্ডপ অরবিন্দ মজুমদার ও তার পরিবার, চা-বিস্কুট পরিবেশনে পরিতোষ মজুমদার, ফুল ও পূজা মন্ডপ সজ্জাকরণ বিন্দু পাল, সমীর শর্মা প্রমুখ। এছাড়া যে কেউ খাদ্য সরবরাহ কাজে অংশ নিতে পারবেন। ফান্ড রেইজিং-এর দায়িত্ব দেওয়া হয়েছে প্রদীপ চৌধুরী, অমরিত বিবেক সরকার ও সীমা মজুমদারকে। বিজ্ঞাপন সংগ্রহ সুনীল ধর, মনু কুন্ডু ও অরবিন্দ মজুমদার, মঞ্চ সজ্জা ও স্থানীয় শিল্পীদের সাথে যোগাযোগ কৃষ্ণা পাল ও গৌতম রায়, মঞ্চ ব্যবস্থাপনা ও পাক নিয়ন্ত্রণে বিদ্যুৎ দে, দেবজ্যোতি রায়, তুলসী সাহা, কৃষ্ণা পাল ও গৌতম রায়। শিল্পী গ্রহণ ও বিদায় দেবজ্যোতি রায় ও বিদ্যুৎ দে। অতিথি অভ্যর্থনার দায়িত্ব দেওয়া হয়েছে প্রদীপ মজুমদারকে।

সেলফোনে ক্যান্সার ঝুকি

সেলফোন ব্যবহার সম্পর্কে উদ্বেগজনক তথ্য পাওয়া গেছে। জানা গেছে, এ ধরনের ফোন ব্যবহারে ক্যান্সার ঝুঁকি রয়েছে। ইউনিভার্সিটি অব পিটসবার্গ ক্যান্সার ইনস্টিটিউটের পরিচালক ড. রোনাল্ড বি হার্বারম্যান সতর্কবাণী উচ্চারণ করে বলেছেন, সেলফোনের ইলেকট্রোম্যাগনেটিক অংশ ক্ষতিকারক। এর প্রতিক্রিয়ায় ক্যান্সার ঝুঁকি রয়েছে। তাই এ ব্যাপারে লোকজনের সতর্ক হওয়া উচিত। বিশেষ করে শিশুদের এতে অন্যদের তুলনায় বেশি ক্ষতির সম্মুখিন হওয়ার আশংকা রয়েছে বলে ড. হার্বারম্যানের অভিমত। তার মতে, বয়স্কদেরও মাথা থেকে দূরে রাখা উচিত সেলফোন সেট। প্রয়োজনে স্পিকার ফোনে অথবা তারবিহীন হ্যান্ডসেটে কথা বলার পরামর্শ তার। অবশ্য ড. হার্বারম্যানের বক্তব্যে একমত হতে পারেনি ইউএস ফুড এন্ড ড্রাগ এডমিনিস্ট্রেশন। তাদের দাবি সেলফোন ব্যবহারের সঙ্গে ক্যান্সারের কোন যোগসূত্র নেই। এর আশংকাও খুবই কম।-সূত্র এপি।

ক্রীতদাস নির্যাতন কৃষ্ণাঙ্গ জনগোষ্ঠীর কাছে আনুষ্ঠানিক ক্ষমা চাইলো মার্কিন কংগ্রেস

ক্রীতদাস থাকা অবস্থায় কৃষ্ণাঙ্গদের উপর জোর-জুলুম ও মানবতাবিরোধী আচরণের জন্য মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ আনুষ্ঠানিকভাবে ক্রীতদাসের বংশধর কৃষ্ণাঙ্গ জনগোষ্ঠীর নিকট ক্ষমা প্রার্থনা করেছে।

মঙ্গলবার বিকেলে কংগ্রেসের বিশেষ অধিবেশনে টেনিসি অঙ্গরাজ্যের ডেমোক্রেটিক দলীয় শ্বেতাঙ্গ কংগ্রেসম্যান স্টিভ কোহেনের উত্থাপিত 'অত্যাচারিত ক্রীতদাস ও বংশধরের প্রতি ক্ষমা চাওয়া' শীর্ষক একটি ঐতিহাসিক প্রস্তাব উত্থাপিত হলে তা তাৎক্ষণিকভাবে কণ্ঠ ভোটে পাস হয়।

হালাল মীট এন্ড গ্রোসারীস

HALAL MEAT & GROCERIES

Bangladeshi, Indian, Pakistani, Afgani, Middle Eastern Groceries, Spices, Halal Meat & Fish

"House of Fresh Halal Meat"

WE OPEN 7 DAYS A WEEK
FRESH ZABAIAH / HALAL MEAT
(We do zabaiah Halal by Ourselves – Cow, Veal, Goat everyday)

All Meat 10% Discount *
Lowest Price in town
($50 minimum)

সর্বোত্তম সেবা ও নতুন ব্যবস্থাপনায় আপনার প্রিয় ষ্টোর হালাল মীট ও গ্রোসারীস আপনাকে স্বাগত জানাচ্ছে।



18845 Sherman Way # 1
RESEDA, CA 91306
(North / East corner of Wilbur and Sherman Way)
Phone: 818 343 9123

INLAND EMPIRE MORTGAGE & REALTY, INC.

(909) 732-8800

LOOKING FOR FORECLOSUER / BANK REPO HOME WITH BUILT-IN EQUITY?

CALL US FOR EXPERT ASSISTANCE

We can help you to Purchase, Sell, Finance or Refinance your

HOME, HOTEL, MOTEL, BUSINESS AND COMMERCIAL PROPERTY

We can help you to buy your Dream Home or Business even if you have

BANKRUPTCY *FORECLOSURE* *COLLECTION* *TAX LIEN* *NO CREDIT HISTORY*

KANDAKAR ALAM
(909) 732-8800

Try from one of the following popular loan program

LOAN WITH MAX 97% FINANCE (3% DOWNPAYMENT)
LOAN WITH STATED INCOME AND VERIFIED ASSET

We can find your Dream Home/Business and customize a Loan to fit your budget and needs

PLEASE CALL TODAY FOR A NO COST AND NO OBLIGATION QUOTE

KANDAKAR ALAM
INLAND EMPIRE MORTGAGE & REALTY, INC
8608 UTICA AVE., STE 206, RANCHO CUCAMONGA, CA 91730.
Phone (909) 732-8800, Fax (909) 476-7750